



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৫ জুন ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

খাগড়াছড়িতে মিথ্যা মামলায় সাংবাদিক চাইথোয়াই মারমাকে গ্রেফতারের নিন্দা

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর কেন্দ্রীয় সিনিয়র সদস্য সচিব চাকমা আজ বুধবার, ১৫ জুন ২০২২ সংবাদ মাধ্যমে দেওয়া এক বিবৃতিতে খাগড়াছড়িতে মিথ্যা ও ষড়যন্ত্রমূলক মামলায় খাগড়াছড়ি রিপোর্টার্স ইউনিটির সভাপতি ও সিনিয়র সাংবাদিক চাইথোয়াই মারমাকে গ্রেফতারের নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি বলেন, পার্বত্য চট্টগ্রামে অত্যন্ত নগণ্য সংখ্যক পাহাড়ি সাংবাদিকতার পেশায় নিয়োজিত রয়েছেন। এর মধ্যে চাইথোয়াই মারমার মতো একজন সিনিয়র সংবাদ কর্মীকে এভাবে মিথ্যা মামলায় গ্রেফতারের ঘটনা খুবই উদ্বেগজনক। এতে করে সাধারণভাবে সাংবাদিক সমাজে এবং বিশেষভাবে পাহাড়ি সংবাদকর্মীদের মধ্যে নেতিবাচক প্রভাব পড়তে পারে বলেও তিনি আশঙ্কা প্রকাশ করেন।

বিবৃতিতে তিনি অবিলম্বে চাইথোয়াই মারমাকে নিঃশর্ত মুক্তি ও তাঁর বিরুদ্ধে দায়েরকৃত মিথ্যা মামলা প্রত্যাহারের দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।